

ভবিষ্যৎ গবেষণা তথ্য এবং অবহিত

সম্মতি ফর্ম

অধ্যয়ন কোড:	ডি702এনসি00001	কেন্দ্র নং:	3514
পৃষ্ঠপোষক:	এসট্রাজেনিকা এবি	অংশগ্রহণকারীর ই-কোড:	
মুখ্য অনুসন্ধানকারী:	ডাঃ প্রশান্ত পান্ডে		
অধ্যয়ন শিরোনাম:	বৃদ্ধিপ্রাপ্ত বিলিয়ারি ট্র্যাক্ট ক্যানসার আক্রান্ত রোগীদের জন্য প্রথম-সারির চিকিৎসা হিসেবে কেমোথেরাপির সাথে সংমিশ্রণে রিলভেগেস্টেমিগ বা ডুরভালুম্যাব প্রয়োগের পর্ব III, যদৃচ্ছকৃত, ওপেন-লেবেল, বিশ্বব্যাপী, বহুকেন্দ্র অধ্যয়ন (আর্টিমাইড-বিলিয়ারি02)		
দেশ:	ভারত		

প্রিয় মহাশয়া/মহাশয়,

ক্লিনিকাল অধ্যয়নে অংশগ্রহণ করার পাশাপাশি, আমরা জানতে চাই যে আপনি আপনার কোডযুক্ত ডেটা (ছবি সহ) এবং অংশ 1-এ সংগৃহীত অবশিষ্ট জৈব নমুনাগুলি যথাযথ নৈতিক অনুমোদন সহ ভবিষ্যৎ গবেষণা প্রকল্পগুলিতে ব্যবহার করার জন্য ইচ্ছুক কিনা।

আপনি ভবিষ্যৎ গবেষণার জন্য আপনার কোডযুক্ত ডেটা এবং জৈব নমুনাগুলির ব্যবহারে সম্মতি দিতে স্বাধীন। আপনি যদি তা না করার সিদ্ধান্ত নেন, তাহলেও আপনি এখনও ক্লিনিকাল অধ্যয়নে অংশগ্রহণ করতে পারেন।

1. ভবিষ্যৎ গবেষণা কি?

বিজ্ঞান ও জন-স্বাস্থ্য উন্নত করতে ভবিষ্যৎ গবেষণা গুরুত্বপূর্ণ। যাই হোক, ভবিষ্যতের **বৈজ্ঞানিক গবেষণা** প্রকল্পগুলির সমস্ত বিবরণ আগে থেকে ধারণা করা বর্তমানে সম্ভব নয়। এইসব ভবিষ্যৎ বৈজ্ঞানিক গবেষণা প্রকল্পগুলি ক্লিনিকাল অধ্যয়ন (আর্টিমাইড.বিলিয়ারি02 অধ্যয়ন) এবং ওষুধ/ডিভাইস ডেভেলপমেন্ট প্রোগ্রামের আওতার বাইরে, যেখানে প্রাপ্তবয়স্কদের অধ্যয়ন অংশগ্রহণকারী তথ্য এবং সম্মতি ফর্মের অংশ 1-এ বর্ণিত হিসাবে আপনার জৈবনমুনাগুলি এবং ডেটা ব্যবহার করা অন্তর্ভুক্ত হয়। এই গবেষণার কিছু অংশ অধ্যয়ন চলমান থাকাকালীন অথবা অধ্যয়ন শেষ হওয়ার পরেও ঘটতে পারে।

আপনার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি কেবলমাত্র বৈজ্ঞানিক স্বাস্থ্য-সম্পর্কিত গবেষণার জন্য ব্যবহার করা যেতে পারে যাতে স্বাস্থ্য সমস্যা শনাক্তকরণ, চিকিৎসা, প্রতিরোধ বা নিরাময়ের নতুন উপায় খুঁজে বের করা যায়, অথবা নতুন প্রযুক্তি, ডায়াগনস্টিক পরীক্ষা এবং পদ্ধতিগুলি তৈরি করা যায় যা এই কার্যকলাপে সহায়তা করবে, যার মধ্যে মেশিন লার্নিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির বিকাশ অন্তর্ভুক্ত।

সাধারণ ক্লিনিকাল গবেষণা সেটিংস এর বাইরে অন্য উৎসগুলি থেকেও, যথা পাবলিক রিসার্চ ডেটাবেস থেকে পাওয়া তথ্যের সাথে যুক্তভাবে সেগুলি ব্যবহৃতও হতে পারে। যাই হোক, সেগুলি অন্যান্য তথ্যের সাথে এমন কোন উপায়ে সংমিশ্রিত হবে না, যা আপনাকে শনাক্ত করতে পারবে। ভবিষ্যতে **বৈজ্ঞানিক গবেষণার** কয়েকটির জন্য আপনার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলিকে অনামীকৃতও করা হতে পারে।

আপনার জেনেটিক তথ্য বিশ্লেষণ করার প্রয়োজন কিছু গবেষণা প্রকল্পের হতে পারে।

এসট্রাজেনিকা, গবেষণা অংশীদার এবং পরিষেবা প্রদানকারীরা ভবিষ্যতের গবেষণার জন্য ডায়াগনস্টিক পরীক্ষা এবং/অথবা আপনার অব্যবহৃত নমুনা(গুলি) থেকে উৎপন্ন ডেটা ব্যবহার করতে পারে যাতে আপনার রোগের রোগীদের জন্য নতুন ডায়াগনস্টিক পরীক্ষা তৈরি করা যায় অথবা রোগটি আরও ভালভাবে বোঝা যায়। এর মধ্যে রয়েছে স্ক্রীনিং পর্যায় চলাকালে সম্মতির পর সংগৃহীত ডেটা এবং জৈবনমুনাগুলি, এমনকি যদি আপনি অধ্যয়নের যোগ্যতার মানদণ্ড পূরণ না করেন।

2. ভবিষ্যৎ গবেষণার জন্য আমার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি কিভাবে পরিচালিত হবে?

সমস্ত জৈব নমুনা **পৃষ্ঠপোষকের** পক্ষ থেকে 15 বছর পর্যন্ত নিরাপদে সংরক্ষণ করা হবে এবং তারপরে নষ্ট করা হবে/ অন্তর্গত করে মনে রাখবেন যে **পৃষ্ঠপোষকের** অনুরোধে জৈবনমুনাগুলির অবস্থান পরিবর্তন হতে পারে।

আপনার জৈবনমুনাগুলি থেকে উৎপন্ন যেকোন অতিরিক্ত ডেটা বিজ্ঞান গবেষণা উদ্দেশ্য পূরণের জন্য এবং আইনের দ্বারা অনুমোদিত হয়ে যতদিন প্রয়োজন সংরক্ষিত থাকবে এবং তারপরে নষ্ট করা হবে বা অনামীকৃত করে দেওয়া হবে। **পৃষ্ঠপোষকের** ইন্টারনাল ডকুমেন্ট রিটেনশন পলিসি বিষয়ক আরও তথ্য পেতে হলে আপনি www.astrazenecapersonaldataretention.com ওয়েবসাইটে যেতে পারেন।

3. আমার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি কি শেয়ার করা হতে পারে ?

পৃষ্ঠপোষক আপনার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি গবেষণা অংশীদারদের সাথে শেয়ার করতে পারেন অথবা এই নথির শেষের দিকে প্রাপ্তবয়স্ক অধ্যয়ন অংশগ্রহণকারীর তথ্য এবং সম্মতি ফর্মের অংশ III: “রোগীদের/অংশগ্রহণকারীদের জন্য অতিরিক্ত তথ্য” যেভাবে বর্ণিত আছে, সে অনুযায়ী সেগুলোকে **বৈজ্ঞানিক ডেটাবেসে জমা** করতে পারে। এর মধ্যে বিশ্ববিদ্যালয়, গবেষণা হাসপাতাল এবং কোম্পানির থেকে গবেষকরা অন্তর্ভুক্ত থাকতে পারে।

উপরে তালিকাভুক্ত আপনার ব্যক্তিগত ডেটা (প্রাপ্তবয়স্ক অধ্যয়ন অংশগ্রহণকারীর তথ্য এবং সম্মতি ফর্মের অংশ 1 বিভাগ 11এ দেখুন) নতুন প্রযুক্তি, সিস্টেম উন্নয়ন এবং প্রযুক্তিগত বিকাশের উদ্দেশ্যে আইটি সরবরাহকারী সহ পরিষেবা প্রদানকারী বা তৃতীয় পক্ষের সাথেও শেয়ার করা যেতে পারে।

উপরে উল্লিখিত কিছু প্রাপক আপনার দেশের বাইরে অবস্থিত থাকতে পারেন। সেই দেশগুলিতে প্রযোজ্য ডেটা সুরক্ষা আইনগুলি আপনার দেশের আইনগুলির মতো কঠোর নাও হতে পারে। যাইহোক, প্রাপ্তবয়স্ক অধ্যয়ন অংশগ্রহণকারীর তথ্য এবং সম্মতি ফর্মের অংশ III: “রোগীদের/অংশগ্রহণকারীদের জন্য অতিরিক্ত তথ্য” এ নথির শেষে বর্ণিত হিসাবে আপনার জৈব নমুনাগুলি এবং কোডযুক্ত ডেটার গোপনীয়তা রক্ষা এবং বজায় রাখার জন্য যথাযথ সুরক্ষা এবং নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

4. আমার গোপনীয়তা কিভাবে রক্ষা করা হবে ?

আপনার কোডযুক্ত ডেটা এবং জৈব নমুনা উপযুক্ত সুরক্ষা ব্যবস্থার অধীন হবে, যেমনটি অংশ III: “রোগীদের/অংশগ্রহণকারীদের জন্য অতিরিক্ত তথ্য” এর প্রাপ্তবয়স্ক অধ্যয়ন অংশগ্রহণকারী তথ্য এবং সম্মতি ফর্মে উল্লেখ করা হয়েছে। আপনার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি শুধুমাত্র বৈজ্ঞানিক স্বাস্থ্য সম্পর্কিত গবেষণার উদ্দেশ্যে ব্যবহার করা হবে। এই বৈজ্ঞানিক স্বাস্থ্য গবেষণায় মেশিন লার্নিং এবং কৃত্রিম বুদ্ধিমত্তা প্রযুক্তির উন্নতিকরণ অন্তর্ভুক্ত থাকতে পারে। এইসব কার্যকলাপ আপনার পরিচর্যা বা আপনার জীবনকে প্রভাবিত করে এমন অন্য কোন সিদ্ধান্তকে, যেমন বীমার হার বা কর্মসংস্থানের সুযোগ, প্রভাবিত করে না।

“ডেটা সুরক্ষা আইনে আপনার অধিকারগুলি কি কি?” বিভাগে যেমন বর্ণিত হয়েছে, সেই সমস্ত অধিকার আপনার রয়েছে।

5. ভবিষ্যৎ গবেষণা থেকে যদি আমি প্রত্যাহার করতে চাই, কি হবে?

ভবিষ্যৎ গবেষণায় আপনার অংশগ্রহণ স্বৈচ্ছামূলক। কোন একটা কারণ দেওয়া ছাড়া এবং আপনার প্রথাগত চিকিৎসা পরিচর্যায় একটা নেতিবাচক প্রভাব ছাড়াই, যেকোন সময় ভবিষ্যৎ গবেষণার জন্যে আপনার সম্মতি আপনি প্রত্যাহার করার অধিকারী। যদি আপনি প্রত্যাহার করতে চান, অনুগ্রহ করে আপনার অধ্যয়ন ডাক্তারকে বলুন।

এমনকী আপনি যদি ভবিষ্যৎ গবেষণা থেকে প্রত্যাহার করতে ইচ্ছুক থাকেন, তাতেও আপনি এখনও ক্লিনিকাল অধ্যয়নে অংশগ্রহণ চালিয়ে যেতে পারেন।

আপনি যদি ভবিষ্যৎ গবেষণা থেকে প্রত্যাহার করেন, তাহলে আপনার কোডযুক্ত ডেটা ও জৈবনমুনাগুলি ভবিষ্যৎ গবেষণায় ব্যবহৃত হবে না এবং যত শীঘ্র সম্ভব আপনার জৈবনমুনাগুলি নষ্ট করে দেওয়া হবে। আপনার কোডযুক্ত ডেটাও (হয় ক্লিনিকাল অধ্যয়ন ডেটাবেস থেকে কপি করে নেওয়া অথবা নতুনভাবে উৎপন্ন) নষ্ট করে দেওয়া হবে, যদি না এই তথ্য ইতিমধ্যেই বিশ্লেষণের অন্তর্ভুক্ত হয়ে গিয়ে থাকে বা বৈজ্ঞানিক প্রকাশনায় ব্যবহৃত হয়ে গিয়ে থাকে বা যদি কোডযুক্ত ডেটা অনামীকৃত করা হয়ে থাকে এবং সেইজন্যে আমরা আপনার ডেটা বা জৈবনমুনাগুলিকে আর শনাক্ত করতে পারছি না।

6. ভবিষ্যৎ গবেষণা থেকে প্রাপ্ত ফলাফল?

আমাদের ভবিষ্যৎ গবেষণার ফলাফলগুলি অর্থবহ কিনা তা জানার আগে অনেক বছর ধরে অনেক লোকের কাছ থেকে অধ্যয়ন কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি আমাদের সংগ্রহ করতে হতে পারে।

সেইজন্য, ভবিষ্যৎ গবেষণা প্রকল্পগুলি থেকে ব্যক্তিগত ফলাফল গ্রহণ আশা করা আপনার উচিত হবে না। আপনার ডাক্তারকে আমরা ঐ ধরনের কোন ডেটা দেবো না এবং আমরা আপনার চিকিৎসা সংক্রান্ত রেকর্ডে সেগুলি রাখব না, যেহেতু সেগুলি স্বতন্ত্র বৈধ ফলাফল নয়।

ভবিষ্যৎ গবেষণার জন্য আপনার কোডযুক্ত ডেটা এবং জৈবনমুনাগুলি ব্যবহারের প্রতি সম্মতি দিতে আপনি স্বাধীন। যদি আপনি সম্মত হন, সম্মতি ফর্ম আপনি এটি নির্দেশ করতে পারেন।

অবহিত সম্মতি ফর্ম

অধ্যয়ন কোড:	ডি702এনসি00001	কেন্দ্র নং:	3514
অনুসন্ধানকারী:	ডাঃ প্রশান্ত পাভে	অংশগ্রহণকারীর ই-কোড:	
অধ্যয়ন শিরোনাম:	বৃদ্ধিপ্রাপ্ত বিলিয়ারি ট্র্যাক্ট ক্যানসার আক্রান্ত রোগীদের জন্য প্রথম-সারির চিকিৎসা হিসেবে কেমোথেরাপির সাথে সংমিশ্রণে রিলভেগোস্টেমিগ বা ডুরভালুম্যাব প্রয়োগের পর্ব III, যদৃচ্ছকৃত, ওপেন-লেবেল, বিশ্বব্যাপী, বহুকেন্দ্র অধ্যয়ন (আর্টিমাইড-বিলিয়ারি02)		

আমি নিশ্চিত করছি যে:

- অধ্যয়ন ডাক্তার বা অধ্যয়ন ডাক্তার কর্তৃক মনোনীত অধ্যয়ন কর্মী, আমার কাছে অধ্যয়নটি ব্যাপকভাবে ব্যাখ্যা করেছেন।
- অধ্যয়ন চিকিৎসকের সাথে অধ্যয়ন নিয়ে আলোচনা করার সুযোগ আমার ছিল এবং আমার সব প্রশ্নের উত্তর দেওয়া হয়েছিল।
- অধ্যয়নটি বিবেচনা করার জন্য আমি পর্যাপ্ত পরিমাণে সময় পেয়েছি।
- আমার চিকিৎসাগত ইতিহাস বিষয়ক সমস্ত প্রশ্নের উত্তর আমি বিশ্বস্ততার সঙ্গে করেছি এবং এই নথিতে তালিকাভুক্ত সমস্ত নিয়ম আমি অনুসরণ করব।

আমি বুঝেছি যে আমার অংশগ্রহণের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলিও অন্তর্ভুক্ত থাকবে:

- আমাকে দেওয়া বর্ণনা অনুযায়ী, অধ্যয়ন চলাকালে আমার নাম এবং যোগাযোগের বিশদ সংগ্রহ করা হবে এবং তালিকাভুক্ত অনুমোদিত ব্যক্তিগণের দ্বারা প্রবেশাধিকার এবং পর্যালোচনা করা হবে;
- পৃষ্ঠপোষকের দ্বারা অথবা এর পক্ষে কর্মরত ব্যক্তিগণ বা কোম্পানির দ্বারা অথবা পৃষ্ঠপোষকের সাথে কর্মরতদের দ্বারা আমার কোডযুক্ত ডেটা(ছবি সহ) ব্যবহৃত হচ্ছে;
- সেই ব্যক্তিগণ বা সংস্থাগুলির দ্বারা আমার কোডযুক্ত ডেটা ব্যবহৃত হবে, যারা সেই দেশগুলিতে অবস্থিত, যাদের কাছে আমার দেশের সমতুল্য ডেটা সুরক্ষা নিয়মাবলী নেই। আমি বুঝেছি যে পৃষ্ঠপোষক এই সমস্ত ব্যবহারগুলির উপরে নজরদারি চালাবে এবং আমার গোপনীয়তা রক্ষা করতে সম্ভাব্য সব ব্যবস্থা গ্রহণ করবে;
- আমার জৈবনমুনাগুলি সংগ্রহ এবং বর্ণিত হিসাবে বিশ্লেষণ করা হচ্ছে এবং এটি জেনেটিক বিশ্লেষণও অন্তর্ভুক্ত করছে।

আমি আরও বুঝেছি যে নীচে তালিকাভুক্ত বিষয়গুলির সম্বন্ধে আমি পছন্দ করতে পারি এবং “হ্যাঁ” এর পাশে টিক দিয়ে, আমি সম্মতি দিচ্ছি এবং “না” এর পাশে টিক দিয়ে আমি সম্মতি দিতে অস্বীকার করছি:

"ভবিষ্যতের গবেষণা তথ্য"-এ বর্ণিত অনুসারে ভবিষ্যত গবেষণার জন্য প্রয়োজনে আমার কোডযুক্ত ডেটা (ছবি সহ), জৈবনমুনাগুলি এবং আমার জিনগত তথ্য বিশ্লেষণের ব্যবহার, যার মধ্যে অতিরিক্ত জৈবনমুনাগুলি সংগ্রহ অন্তর্ভুক্ত।	হ্যাঁ ☐	না ☐
---	--------------------------------	-----------------------------

ক্রম.নং.	এইসব বিবৃতিতে আপনার সম্মতি নিশ্চিত করতে নীচের বিবৃতিগুলির প্রতিটির পাশে দয়া করে আপনার আদ্যক্ষর (সংক্ষিপ্ত স্বাক্ষর বা স্বাক্ষর) অথবা বৃদ্ধাপূর্ণের টিপছাপ (যেমন প্রযোজ্য) দিন।	
(i)	আমি নিশ্চিত করছি যে উপরোক্ত অধ্যয়নের জন্য 23 জুলাই 2026 তারিখে, ভারত সংস্করণ নম্বর 1.1, ভবিষ্যৎ গবেষণা তথ্য এবং অবহিত সম্মতি ফর্ম আমি পড়েছি এবং বুঝেছি এবং প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ পেয়েছি।	[]
(ii)	আমি বুঝেছি যে অধ্যয়নে আমার অংশগ্রহণ স্বৈচ্ছামূলক এবং যে কোন সময়ে, কোন কারণ না দিয়ে, আমার চিকিৎসাগত পরিচর্যা বা আইনগত অধিকার প্রভাবিত হতে না দিয়ে প্রত্যাহার করার পক্ষে আমি স্বাধীন।	[]
(iii)	আমি বুঝেছি যে বর্তমান অধ্যয়ন এবং পরবর্তী যেকোন গবেষণা যা এই সম্বন্ধে পরিচালিত হতে পারে, উভয় সাপেক্ষেই, আমার স্বাস্থ্য সম্বন্ধিত রেকর্ড দেখার জন্য, এমনকি যদি আমি পরীক্ষা থেকে প্রত্যাহার করি তাহলেও, ক্লিনিকাল পরীক্ষার পৃষ্ঠপোষক, পৃষ্ঠপোষকের পক্ষে কর্মরত অন্যান্যরা, এথিকস্ কমিটি এবং নিয়ন্ত্রক কর্তৃপক্ষদের আমার অনুমতির দরকার হবে না। আমি এই প্রবেশে সম্মত হলাম। যাই হোক, আমি বুঝেছি যে তৃতীয় পক্ষের কাছে দেওয়া কোন তথ্য আমার পরিচয় প্রকাশ হবে না অথবা প্রকাশিত হবে না।	[]
(iv)	যেকোন ডেটা বা ফলাফল যা এই অধ্যয়ন থেকে উদ্ভূত হয়েছে, সেইগুলির ব্যবহার সীমাবদ্ধ না করতে আমি সম্মত হলাম, যদি তেমন একটি ব্যবহার কেবলমাত্র বিজ্ঞানগত উদ্দেশ্যে (গুলিতে) করা হয়	[]
(v)	আমি উপরোক্ত অধ্যয়নে অংশগ্রহণ করতে রাজী হলাম।	[]

অংশগ্রহণকারী/লিগ্যালি অ্যাকসেসেবল রিপ্রেজেন্টেটিভ (এলএআর) এর
স্বাক্ষর (বা বৃদ্ধাপুষ্ঠের টিপছাপ)

স্বাক্ষরের তারিখ

স্বাক্ষরকারীর নাম (অংশগ্রহণকারী বা এলএআর এর নাম, যিনি স্বাক্ষর করেছেন)

যেখানে একজন অংশগ্রহণকারী অবহিত সম্মতি দিতে সক্ষম নন (যেমন, একজন অচেতন ব্যক্তি বা একজন অপ্রাপ্তবয়স্ক বা যারা গুরুতর মানসিক অসুস্থতা বা বিকলাঙ্গতায় ভুগছেন), সেখানে সেটা একজন আইনগতভাবে গ্রহণযোগ্য প্রতিনিধির থেকে নেওয়া যেতে পারে (আইনগতভাবে গ্রহণযোগ্য প্রতিনিধি হলেন একজন ব্যক্তি, ভারতীয় আইন(গুলি) দ্বারা যেমন বলা হয়েছে সেই অনুযায়ী যিনি সম্মতি দিতে বা রোগীর উপরে একটা হস্তক্ষেপ করার অনুমোদন দিতে সক্ষম)।

অংশগ্রহণকারীর সাথে আইনগতভাবে গ্রহণযোগ্য প্রতিনিধির সম্পর্ক

অনুসন্ধানকারীর স্বাক্ষর

স্বাক্ষরের তারিখ

অধ্যয়ন অনুসন্ধানকারীর নাম

যদি অংশগ্রহণকারী বা তার আইনগতভাবে গ্রহণযোগ্য প্রতিনিধি পড়তোলিখতে অক্ষম হন – তাহলে অবহিত সম্মতি প্রক্রিয়া চলার সমগ্র সময়ে একজন নিরপেক্ষ সাক্ষী উপস্থিত থাকা উচিত, যিনি ঐ সম্মতি ফর্ম অবশ্যই তার স্বাক্ষর যুক্ত করবেন।

নিরপেক্ষ সাক্ষী হলেন একজন ব্যক্তি যিনি পরীক্ষা থেকে স্বাধীন, পরীক্ষার সঙ্গে জড়িত ব্যক্তিদের দ্বারা যাকে অন্যায়ভাবে প্রভাবিত করা যাবে না, যদি অংশগ্রহণকারী বা অংশগ্রহণকারীর আইনগতভাবে গ্রহণযোগ্য প্রতিনিধি পড়তে না পারেন তাহলে যিনি অবহিত সম্মতি প্রক্রিয়া চলাকালে হাজির থাকেন এবং যিনি অবহিত সম্মতি ফর্ম ও অংশগ্রহণকারীকে দেওয়া অন্য যেকোন লিখিত তথ্য পড়ে দেন।

নিরপেক্ষ সাক্ষীর স্বাক্ষর

স্বাক্ষরের তারিখ

নিরপেক্ষ সাক্ষীর নাম

"রোগীর তথ্য পত্র (ভবিষ্যৎ গবেষণা তথ্য) এবং যথাযথভাবে পূরণ করা অবহিত সম্মতি ফর্মের প্রতিলিপি অংশগ্রহণকারী বা তার আইনগতভাবে গ্রহণযোগ্য প্রতিনিধির কাছে দেওয়া হবে। "